দামুড়হুদায় জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবলে উকতো একাদশ চাম্পিয়ন

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকাল ৩টায় জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল মাঠে এই ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে মুখোমুখি মাঠে নামে উকতো একাদশ বনাম রঘুনাথপুর একাদশ।খেলায় রঘুনাথপুর একাদশকে ২-০ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয় উকতো একাদশ।

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাবের প্রধান উপদেষ্টা আহসান কবির রিপনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ০২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, জয়রামপুর ইয়ুথ ক্লাবের সভাপতি জাকির হোসেন।

ম্যাচ শেষে চাম্পিয়ান ও রানার্সআপ দলের অধিনায়কের হাতে পুরস্কার তুলে দেন অতিথি বৃন্দরা। চ্যাম্পিয়ন দলকে দেওয়া হয় ২৫ হাজার টাকা এবং রানার্সআপ দলকে দেওয়া হয় ১৫ হাজার টাকা।

প্রধান অতিথি হাজী আলী আজগার টগর বলেন, আমি মনে করি প্রতিটি শিক্ষার্থী লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করা অপরিহার্য, খেলাধুলা করিলে শরীর মন সুস্থ ও সবল থাকে। তাই প্রতিটি মানুষের খেলাধুলা করার প্রয়োজন আছে। নিয়মিত খেলাধুলা করিলে শরীরকে রোগবালাই ও মাদকাসক্তি থেকে মুক্ত থাকা যায়।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন, আমজাদ হোসেন, সাবেক ফুটবলার

মুন্নাফ হোসেন, সামসুল আলম, গোলাম সরোয়ার ছোটো, আব্দুল মালেক, রাজীব, স্বপন , রাশেদুল ইসলাম রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ।

ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন আব্দুস সবুর ও তরিকুল ইসলাম আলো। ধারাভাষ্যে ছিলেন উদিয়মান ধারাভাষ্যকার শামীম খাঁন, রাশেদ ও আজমল।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সাবেক ছাত্রলীগের সাধারণ সম্পাদক বাবুল হোসেন তরফদার নিশান। খেলাটি স্পন্সর করেছেন স্টুডেন্টস কর্ণার।